



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।
সভার সময়	বুধবার; সময়: বিকাল ৩:০০ মিনিট।
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০১)।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১) উদযাপন উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত অনুষ্ঠিত সভার আলোচ্যসূচির মর্মানুযায়ী বিস্তারিত তথ্যদি সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করেন;

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	<p>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন</p> <p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক একটি কর্ম পরিকল্পনার খসড়া বাজেটসহ প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করেন।</p> <p>ট্রাস্টের উপ-পরিচালক (উপসচিব) প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বিষয়াদি ও বাজেট সম্পর্কে সকলের মতামত গ্রহণপূর্বক যাচাই-বছাই করে তা পরিস্ফুটিতভাবে উপস্থাপন করেন।</p> <p>সভাপতি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ট্রাস্ট কর্তৃক প্রণয়নকৃত সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার আলোকে ফলপ্রসূ উদ্যোগ গ্রহণ করা জরুরি।</p>	<p>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাজেট প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে।</p>	<p>ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট</p>

২.২	<p>“বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন এবং ফেলোশিপ প্রদান নীতিমাল, ২০২০</p> <p>সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন ও ফেলোশিপ প্রদান নীতিমাল, ২০২০ এর খসড়া সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করেন।</p> <p>সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ প্রণয়নকৃত “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন এবং ফেলোশিপ প্রদান নীতিমাল, ২০২০ নিয়ে সন্তোষ প্রকাশ এবং এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বিস্তারিত আলোচনা করেন।</p> <p>সভাপতি, সভায় উপস্থিত উপ-পরিচালক, প্রোগ্রামার ও সহকারী পরিচালকগণকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ট্রাস্ট কর্তৃক প্রণয়নকৃত “বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন এবং ফেলোশিপ প্রদান নীতিমাল, ২০২০ আরো যাচাই-বাছাই করে কার্যক্রম দেখার জন্য অনুরোধ করেন।</p> <p>সভাপতি সভায় আরো অবহিত করেন যে, দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পদ্ধতিতে স্কলার নির্বাচন এবং ফেলোশিপ প্রদান করা এ নীতিমালার মূল উদ্দেশ্য তাই এটি বাস্তবায়নের জন্য সকলের সহযোগীতা কামনা করেন।</p>	<p>“বঙ্গবন্ধু স্কলার” নির্বাচন এবং ফেলোশিপ প্রদান নীতিমাল, ২০২০ অনুমোদন ও বাজেট প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করা হবে।</p>	<p>ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট</p>
-----	---	---	---

৩.০ আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.১৪.০০২.১৯.৫২

তারিখ: ১৬ অগ্রহাষণ ১৪২৬

০১ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১১) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের

সদয় অবগতির জন্য)।

১২) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক